


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



নং-৪৬.৪২.৪২০০.০০০.১৪.১০৭.১৫.১৬৬৬

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০১ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ


বিষয়ঃ ২০১৬-২০১৭ অর্থ বছরে ঝালকাঠি জেলা পরিষদের এডিপি সাধারণ বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ ঝালকাঠি জেলা পরিষদের স্মারক নং- বাঃজেঃপঃ ০৩-০১/২০১৭-১৩৬, তারিখঃ ১৮/৬/২০১৭।

২০১৬-২০১৭ অর্থ বছরে ঝালকাঠি জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকায় প্রকল্প তালিকার ক্রমিক নং-১ এ বর্ণিত প্রকল্পটি বিশ্বরোড প্রেট্রাল পাম্প মোড় শেখ রাসেল স্কয়ার নির্মাণ সংক্রান্ত। প্রকল্পটি বাস্তবায়নের জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট এর অধীন ট্রাস্টি বোর্ডের অনুমোদন নেয়া হয়েছে কিনা; না হয়ে থাকলে, ট্রাস্টি বোর্ডের অনুমোদন নিয়ে পুনরায় স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-২ এ বর্ণিত প্রকল্পটি ঝালকাঠি ডায়াবেটিক সমিতি ভবনের ২য় তলায় ০১টি পোস্ট অপারেটিভ কক্ষসহ অপারেশন থিয়েটার নির্মাণ। প্রকল্পটি জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়ন যুক্তিযুক্ত নয় বিধায় বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

৩। ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং- ৩ এ বর্ণিত প্রকল্পটি ঝালকাঠি সদর ডাকবাংলো-২ মেরামত ও আসবাবপত্র ক্রয় সংক্রান্ত। কি কি আসবাবপত্র ক্রয় করা হবে তার তালিকা/প্রাক্কলন প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।


(জুবাইদা মাসুম)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, ঝালকাঠি।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, ঝালকাঠি।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।